

# ঢাবি উপাচার্য-প্রষ্ঠারের পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

ঢাবি প্রতিবেদক

২৭ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

## আমাদের সময়



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা সাম্য হত্যার বিচার, উপাচার্য ও প্রষ্ঠারের পদত্যাগ এবং নিরাপদ ক্যাম্পাসের দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছে শাখা ছাত্রদল। গতকাল সোমবার দুপুর ১২টার দিকে হাকিম চতুর থেকে একটি বিক্ষোভ মিছিল নিয়ে উপাচার্য কার্যালয়ের সামনে অবস্থান নেন তারা।

UNIBOTS

চাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস বলেন, সাম্যকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই হত্যা করা হয়েছে। আজ ১৩ দিন পার হয়ে গেল, অর্থাৎ সাম্য হত্যার বিচারে কোনো দৃশ্যমান পদক্ষেপ দেখতে পাইনি। উপাচার্য ও প্রষ্ঠের এর কোনো সদুত্তর দিতে পারেননি। আজ আমরা শুধু সাম্য হত্যার বিচার চেয়ে নয়, নিরাপদ ক্যাম্পাস বিনির্মাণে ব্যর্থ উপাচার্য ও প্রষ্ঠের পদত্যাগ চাইছি।

শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন বলেন, সাম্য জুলাই অভ্যর্থনের একজন সম্মুখযোদ্ধা। যে ভিসি-প্রষ্ঠের জুলাইযোদ্ধা এবং ক্যাম্পাসের প্রত্যেকটি সাধারণ শিক্ষার্থীর জীবনের নিরাপত্তা দিতে পারেনি আমরা তাদের পদত্যাগ চাই।

এদিকে সাম্য হত্যার ঘটনায় গঠিত বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি প্রতিবেদন জমা দিয়েছে। গতকাল কলা অনুষদের ডিন ও কমিটির আঙ্গীয়ক অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্রিকুর রহমান খান উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের কাছে এ প্রতিবেদন হস্তান্তর করেন। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করেই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে, যা পর্যালোচনা করে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে গত ১৩ মে রাতে সোহরাওয়ার্দী উদ্যানে দুর্ব্বলদের হামলায় সাম্য নিহত হন। এর পর উপাচার্য সাত সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন। কমিটির সদস্য ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, হলের প্রাধ্যক্ষ এবং বিভাগীয় শিক্ষকরা। পরে ব্যারিস্টার নুরুল আজিমকে কো-অপট করা হয়।